দৈনিক সংবাদ

তারিখ ... ৩১.৮.৯১

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

17

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# নিরাপত্তার কারণে পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত হয়ে পড়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩০শে আগস্ট।— ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র দখল ও নিয়ন্ত্রণে থাকা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের চূড়ান্ত পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হলেও পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত রয়েছে। সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্লাসে যেতে পারছে না,

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃপৃঃ ৮ কঃ ৭

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃ পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত

(১ম পাতার পর)

ছাত্রাবাসে তো নয়ই। ছাত্রাবাসগুলো এখনো শিবির ও তাদের সমর্থক সশস্ত্র বহিরাগতদের দখলে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিবিরের সন্ত্রাসের কারণে কয়েক দফা পেছানোর পর পুনরায় ৫টি বর্ষের বিভিন্ন পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছেন। আগামী ১০ই সেপ্টেম্বর থেকে শুরু হতে যাচ্ছে এ পরীক্ষা। কিন্তু বিশ্ববিদ্যালয়ে যে অচলাবস্থা ও নিরাপত্তাহীনতা শিবির বজায় রেখেছে, তাতে পরীক্ষা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবার বিষয়টি এখনো অনিশ্চিত।

সাধারণ ছাত্রছাত্রীরা বলছে, নিরাপত্তার ব্যবস্থা করা না হলে পরীক্ষায় অংশগ্রহণ সম্ভব হবে না। কেননা শিবিরের সশস্ত্র হামলার আশংকা রয়েছে। এই পরীক্ষায় শিবির ও তাদের সমর্থক ছাড়া আর কারো পক্ষেই পরীক্ষায় অংশ নেয়া সম্ভব হবে না।